

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৩৬

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪) রুকৃ'-সিজদা পরিপূর্ণ না করা, মেরুদন্ড সোজা করে না দাঁড়ানোর ব্যাপারে ভীতি প্রদর্শন ও একাগ্রতার সাথে নামায আদায় করার ব্যাপারে যে নির্দেশ এসেছে তার বর্ণনা

الترهيب من عدم إتمام الركوع والسجود وإقامة الصلب بينهما وما جاء في الخشوع

আরবী

(صحيح) وَعَنْ رِفَاعَةَ بْنِ رَافِعِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنْتُ جَالِسًا عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ جَاءَ رَجُلٌ فَدَخَلَ الْمَسْجِدَ فصلى فذكر الحديث إلى أن قال فيه فَقَالَ الرَّجُلُ يَا رَسُولَ اللَّهِ مَا عِبْتَ عليَّ فَقَالَ النبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : الرَّجُلُ يَا رَسُولَ اللَّهِ مَا عِبْتَ عليَّ فَقَالَ النبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : إِنَّهُ لَمْ تَتِمَّ صَلَاةُ أَحَدِكُمْ حَتَّى يُسْبِغَ الْوُضُوءَ كَمَا أَمْرَهُ اللَّهُ تعالى وَيَغْسِلَ وَجْهَهُ وَيَدَيْهِ إِلَى الْمُوسُوعَ بَرَأْسِهِ وَرِجْلَيْهِ إِلَى الْكَعْبَيْنِ ثُمَّ يُكَبِّرَ اللَّهُ وَيَحْمَدُهُ وَيُعْرِدُهُ وَيَقُرأً إِلَى الْمُوسُوعَ كَمَا أَمْرَهُ اللَّهُ وَيَحْمَدُهُ وَيُعْرَفُ وَيَقُرأً مِنْ اللَّهُ وَيَحْمَدُهُ وَيَسْتَوْيَ قَائِمًا حَتَّى مَنْ الْقُوسُوعَ مَنْ اللَّهُ لَمَنْ حَمِدَهُ ويَسْتَوِيَ قَائِمًا حَتَّى يأخذ كل عظم مأخذه ويُقِيمَ صُلُبَهُ ثُمَّ يُكَبِّرَ فَيَسْجُدَ ويُمكِّنَ جَبْهَتَهُ مِن الأَرض حَتَّى يَاخذ كل عظم مأخذه ويُقِيمَ صُلُبَهُ ثُمَّ يُكبِّرَ فَيَسْجُدَ ويُمكِّنَ جَبْهَتَهُ مِن الأَرض حَتَّى يَاخذ كل مَفَاصِلُهُ وَتَسْتَرْخِيَ ثُم يُكبِّرَ فَيَرْفَعَ رأسه ويَسْتَويَ قَاعِدًا عَلَى مَقْعَدَتِهِ وَيُقِيمَ صُلُبَهُ مُ وَسَالًا فَعْ وَلَا لَا فَطْه والترمذي وقال حديث حسن رواه النسائي وهذا لفظه والترمذي وقال حديث حسن

বাংলা

৫৩৬. (সহীহ্) রিফাআ' বিন রাফে' (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা আমি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট উপবিষ্ট ছিলাম। এমন সময় একজন লোক মসজিদে প্রবেশ করে নামায পড়ল। এরপর তিনি আগের হাদীছের মতই হাদীছ বর্ণনা করেন- তিনি বলেনঃ তখন লোকটি বললঃ আমি বুঝতে পারছি না আপনি আমার কি দোষ ধরছেন?

তখন নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ



"তোমাদের মধ্যে কোন মানুষের নামায পূর্ণ হবে না যে পর্যন্ত সে এই কাজগুলো না করবেঃ আল্লাহ্ যেভাবে আদেশ করেছেন সেভাবে পূর্ণরূপে ওয়ু করবে- মুখমণ্ডল ধৌত করবে, হাত দু'টি কনুই পর্যন্ত ধৌত করবে, মাথা মাসেহ করবে এবং দু'পা টাখনু পর্যন্ত ধৌত করবে। তারপর আল্লাহ্ আকবার বলে তাকবীর দিবে। তাঁর প্রশংসা করবে ও মহাত্ম বর্ণনা করবে। আল্লাহ্ তাকে যতটুকু অনুমতি দিবেন এবং তার জন্য সহজ করবেন ততটুকু কুরআন পাঠ করবে। তারপর তাকবীর দিয়ে রুকু' করবে। দু'হাতের করতলকে দু'হাঁটুর উপর এমনভাবে স্থাপন করবে যাতে তার জোড়াগুলো সুস্থির হয় ও ঢিলা-ঢালা থাকে। এরপর 'সামিআল্লাহ্ লিমান হামিদাহ্' বলে এমনভাবে সোজা হয়ে দন্তায়মান হবে যে, প্রত্যেক হাড় স্বস্থানে মিলিত হয়। মেরুদন্তকে সোজা করবে। তারপর তাকবীর দিয়ে সিজদা করবে। নিজের কপাল মাটিতে রাখবে যাতে প্রত্যেকটা জোড়া সুস্থির হয় ও ঢিলা-ঢালা থাকে। এরপর তাকবীর দিয়ে মাথা উঠাবে এবং নিজের নিতম্বের উপর সোজা হয়ে বসবে আর মেরুদন্তকে সোজা রাখবে।"

এভাবে নামাযের পূর্ণ বিবরণ দিয়ে শেষ করলেন তারপর বললেনঃ "তোমাদের কারো নামায পূর্ণ হবে না যে পর্যন্ত এভাবে যাবতীয় কাজ আদায় না করবে।"

এ হাদীছটি বর্ণনা করেছেন নাসাঈ ২/২২৫ ও তিরমিয়ী ৩০২। হাদীছের বাক্য নাসাঈর। তবে তিরমিয়ী হাদীছের শেষাংশে বলেনঃ

فَإِذَا فَعَلْتَ هَذَا فَقَدْ تَمَّتْ صَلَاتُكَ وَإِن انْتَقَصنتَ مِنْهَا شَيْئًا انْتَقَصنتَ مِنْ صلَلاتِك

''তুমি যখন এরূপ করবে, তখন তোমার নামায পূর্ণ হয়ে যাবে। আর যদি এর কোন অংশে ত্রুটি কর; তবে তোমার নামাযেও ক্রটি হয়ে যাবে।''

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ রিফা'আহ ইবনু রাফি' যুরাকী (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88324

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন